

কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী

ডাকঘর- এনায়েত নগর, উপজেলাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী

নোটিশ

দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০ এর প্রশ্ন,,,,

কবিরহাট সরকারি কলেজ

দ্বাদশ, প্রাক-নির্বাচনী পরীক্ষা - ২০২০ ইং
মানবিক বিভাগ (এ্যাসাইনমেন্টের বিষয়াবলী)

বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান ২৫

- ১। সম্রাট অশোক একজন বিখ্যাত রাজা ছিলেন। তিনি ভারতের ক্ষুদ্র ক্ষুদ্র রাজ্যগুলোকে জয় করে এক বিশাল সাম্রাজ্যে পরিণত করেন। তার সৌভাগ্য যে বেশকিছু রননিপুন সেনাপতির কার্য তিনি কাজে লাগাতে পেরেছিলেন। তিনি বিশাল ভারতকে একত্রিত করে এক শক্তিশালী শাসক হন। এ কারণে আজ ও ভারতীয়রা তাকে শ্রদ্ধার সাথে স্মরণ করে।
ক) কোন খলিফাকে উমাইয়াদের শেষ গৌরভ বলা হয়?
খ) বুয়াইয়া শাসক আজদেদৌলার কর্মকান্ড বিশ্লেষণ কর।
গ) উদ্দীপকে কোন উমাইয়া খলিফাকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর।
ঘ) তুমি কী মনে কর উদ্দীপকের সম্রাট অশোকের সাম্রাজ্য বিস্তারে সেনাপতিদের অবদানের মতোই উক্ত খলিফাত সুযোগ্য সেনাপতিদের সহযোগিতা পেয়েছিলেন? বিশ্লেষণ কর।
২। শাসক হিসেবে তালহার চরিত্রিক বৈশিষ্ট্য নিয়ে ঐতিহাসিকদের মধ্যে মতভেদ রয়েছে। কেউ তার চরিত্রের প্রশংসা এবং কেউ তার চরিত্রের তীব্র সমালোচনা করেছেন। তার শাসনামল ছিল ঘটনাবহুল। তিনি প্রজাদের জন্য ১২টি প্রজামঙ্গলকর আইন প্রবর্তন করেন। সর্বোপরি শাসক হিসেবে তিনি আকর্ষণীয় ব্যক্তি ছিলেন।
ক) মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
খ) পানিপথের দ্বিতীয় যুদ্ধের ঘটনাটির বর্ণনা দাও।
গ) উদ্দীপকে বর্ণিত শাসক তালহার সাথে তোমার পাঠ্যপুস্তকের শাসকের শাসনামলে স্ত্রীর কিরূপ প্রভাব ছিল? বর্ণনা কর।
ঘ) উক্ত মুঘল সম্রাটের শাসন আমলে যে কোন চারটি উল্লেখযোগ্য কর্মকান্ডের বর্ণনা দাও।
টীকা লিখ : যে-কোন দুইটি
ক) সম্রাট আকবরের বাংলা বিজয়।
খ) বাগদাদ নগরী প্রতিষ্ঠার ঘটনাটি বর্ণনা কর।
গ) নবরত্ন সভা

বিষয় : যুক্তিবিদ্যা

পূর্ণমান - ২৫

১। প্রত্যেকটি প্রশ্নের উত্তর দাও

১×৫=৫

ক) যুক্তিবিদ্যার প্রধান আলোচ্য বিষয় কী?

খ) কলা বলতে কী বোঝ?

গ) সম্ভাবনার মাত্রা বলতে কী বুঝ?

ঘ) “Nothing comes out of nothing” কথাটি কোন তত্ত্বের সঙ্গে সম্পর্কিত?

ঙ) আরোহ অনুমানের প্রবর্তক কে?

২। একটি শিশু তার বাবার হাত ধরে হাঁটতে হাঁটতে জিজ্ঞেস করে বাবা সূর্য কেন আলো

দেয়? পাখি কেন গান গায়? বাবা বললেন যখন তুমি বড় হবে তখন সব জানতে পারবে।

তুমি তখন আরও জানবে প্রতিটি জিনিস এমনভাবেই ঘটতে পারে না।

ক) দ্রুত নিরীক্ষণ কাকে বলে? ১

খ) পরীক্ষণ ও নিরীক্ষণকে আরোহের বস্তুগত ভিত্তি বলা হয় কেন? ৩

গ) শিশুটির প্রশ্নে আরোহের কোন ভিত্তির ইঙ্গিত এসেছে? ব্যাখ্যা কর। ৪

ঘ) বাবার শেষ কথায় যে বিষয়টি এসেছে তার গুণগত দিক মূল্যায়ন কর। ৪

৩। নাইম তার ছোট ভাই ফাহিমকে একটি অঙ্ক কথায় দেয়। নাইম বলল একটি গাছে

২০টি পাখি ছিল। সেখান থেকে হঠাৎ করে ১৫টি পাখি উড়ে যায় তাহলে আর কয়টি পাখি

থাকবে? ফাহিম সহজেই বলে দিল ৫টি পাখি। নাইম তখন বলল পাখি যতটা উড়ে যাবে

ততটা কমে যাবে।

ক) অপনয়ন কাকে বলে? ১

খ) ব্যতিরেকী পদ্ধতির অপপ্রয়োগে কাকতালীয় অনুপপত্তি ঘটে- ব্যাখ্যা করো। ২

গ) ফাহিমের উক্তিতে কার্যকারণ সম্পর্ক প্রমাণের কোন পদ্ধতির প্রতিফলন ঘটেছে? ৩

ঘ) কার্যকারণ সম্পর্ক প্রমাণ পদ্ধতির আলোকে নাইমের উক্তিটির মূল্যায়ন করো। ৪